# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫১৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫১৬]

পর্ব-১৭: ইস্তিস্কা (বৃষ্টির জন্যে দু'আ করা) (كتاب الاستسقاء)

পরিচ্ছেদঃ ৯: (দু' হাত) কিভাবে উঠাবেন?

## باب كَيْفَ يَرْفَعُ

আরবী

أَخْبَرَنَا عِيسَى بْنُ حَمَّادٍ، قال: حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ سَعِيدٍ وَهُوَ الْمَقْبُرِيُّ، عَنْ شَرِيكِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي نَمِرٍ، عَنْأَنَسِ بْنِ مَالِكٍ، أَنَّهُ سَمِعَهُ، يَقُولُ: بَيْنَا نَحْنُ فِي الْمَسْجِدِ يَوْمَ الْجُمُعَةِ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ النَّاسَ، فَقَامَ رَجُلٌ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، تَقَطَّعَتِ السُّبُلُ وَهَلَكَتِ الْأَمْوَالُ وَأَجْدَبَ الْبِلَادُ، فَادْعُ اللَّهَ أَنْ يَسْقِيَنَا، فَرَفَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَيْهِ حِذَاءَ وَجْهِهِ، فَقَالَ: اللَّهُمَّ اسْقِنَا ، فَوَاللَّهِ مَا نَزَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْمِنْبَرِ حَتَّى أُوسِعْنَا مَطَرًا وَأُمْطِرْنَا ذَلِكَ الْيَوْمَ إِلَى الْجُمُعَةِ الْأُخْرَى، فَقَامَ رَجُلٌ لَا أَدْرِي هُوَ الَّذِي قَالَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْتَسْقِ: لَنَا أَمْ لَا، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، انْقَطَعَتِ السُّبُلُ وَهَلَكَتِ الْأَمْوَالُ مِنْ كَثْرَةِ الْمَاءِ، فَادْعُ اللَّهَ أَنْ يُمْسِكَ عَنَّا الْمَاءَ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: اللَّهُمَّ حَوَالَيْنَا وَلَا عَلَيْنَا وَلَكِنْ عَلَى الْجِبَالِ وَمَنَابِتِ الشَّجَرِ ، قَالَ: وَاللَّهِ مَا هُوَ إِلَّا أَنْ تَكَلَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِذَلِكَ تَمَزَّقَ السَّحَابُ حَتَّى مَا نَرَى مِنْهُ شَيْئًا.

تخريج دارالدعوه: انظر حديث رقم: ١٥٠٥ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1516 - حسن صحيح

বাংলা

১৫১৫. ঈসা ইবনু হাম্মাদ (রহ.) ..... শারীক ইবনু আবদুল্লাহ (রহ.) হতে বর্ণিত। তিনি আনাস ইবনু মালিক (রাঃ)-

কে বলতে শুনেছেন যে, একদা আমরা জুমু'আর দিনে মসজিদে ছিলাম এবং রসূলুল্লাহ (সা.) মানুষের সামনে খুৎবা দিচ্ছিলেন। এক ব্যক্তি দাঁড়িয়ে বলল, হে আল্লাহর রসূল! (গরমের আধিক্য হেতু) রাস্তাঘাট বন্ধ হয়ে যাচ্ছে, গবাধি পশুগুলো অকর্মণ্য হয়ে পড়ছে এবং শহর খাদ্যশূন্য হয়ে যাচ্ছে। অতএব আপনি আল্লাহর কাছে দু'আ করুন যে, তিনি আমাদের ওপর বৃষ্টি বর্ষণ করেন। তখন রসূলুল্লাহ (সা.) তাঁর উভয় হাত মুখমণ্ডল বরাবর উঠালেন এবং বললেন, হে আল্লাহ! তুমি আমাদের ওপর বৃষ্টি বর্ষণ করো। আল্লাহর কসম! তিনি মিম্বার থেকে তখনও নামেনি। এ সময় আমাদের বৃষ্টি দ্বারা পরিতৃপ্ত করে দেয়া হলো এবং ঐ দিন থেকে পরবর্তী জুমু'আহ পর্যন্ত আমাদের ওপর বৃষ্টি বর্ষিত হলো। তখন এক ব্যক্তি দাঁড়াল, আমি জানি না যে, সে ঐ ব্যক্তি কিনা যে রসূলুল্লাহ (সা.) -কে বলেছিল “আমাদের ওপর বৃষ্টি বর্ষণের জন্যে দু'আ করুন" না অন্য ব্যক্তি। সে বলল, হে আল্লাহর রসূল! (পানির আধিক্যের কারণে) রাস্তাঘাট তো বন্ধ হয়ে যাচ্ছে এবং গবাদি পশুগুলো অকর্মণ্য হয়ে যাচ্ছে। অতএব, আপনি আল্লাহর কাছে দুআ করুন তিনি যেন বৃষ্টি বন্ধ করে দেন। তখন রসূলুল্লাহ (সা.) বললেন, “আল্ল-হুম্মা হাওয়া-লায়না- ওয়ালা- ‘আলায়না- ওয়ালাকিন ‘আলাল জিবা-লি ওয়া মানা-বিতিশ শাজার” (হে আল্লাহ! [আপনি বৃষ্টি] আমাদের আশেপাশে বর্ষণ করুন, আমাদের ওপর নয় বরং পাহাড়ের ওপর এবং গাছের গোড়ায়)। অতঃপর তিনি বললেন, আল্লাহর কসম! রসূলুল্লাহ (সা.) -এর এ দু'আ করতে না করতে মেঘমালা এমনিভাবে ছিন্ন ভিন্ন হয়ে গেল যে, আমরা তার কিছুই দেখতে পেলাম না।

## English

How to raise the hands

It was narrated from Anas bin Malik that he said: While we were in the masjid on Friday and the Messenger of Allah (ﷺ) was addressing the people, a man stood up and said: 'O Messenger of Allah, the routes have been cut off, our wealth has been destroyed and prices have gone up. Pray to Allah (SWT) to give us rain.' So the Messenger of Allah (ﷺ) raised his hands in level with his face and said: 'O Allah, give us rain.' By Allah (SWT), the Messenger of Allah (ﷺ) had not come down from the minbar before it started to pour with rain, and it rained from that day until the following Friday. Then a man stood up- I do not know if he was the same man who had asked the Messenger of Allah (ﷺ) to pray for rain for us or not- and said: 'O Messenger of Allah, the routes have been cut off, and our wealth has been destroyed because there is too much water. Pray to Allah (SWT ) to stop the rain for us.' The Messenger of Allah (ﷺ) said: 'O Allah, around us and not on us, rather on the mountains and places where trees grow.' By Allah, hardly had the Messenger of Allah (ﷺ) spoken these words than the clouds split apart (and vanished) until we could not see anything of them.'

## ফুটনোট

সহীহ: বুখারী ১০১৩, মুসলিম ৮৯৭। [দ্রঃ ১৫০৪]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ শারীক ইবনু আবদুল্লাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90011

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন